# ভর্তি নির্দেশিকা

**স্নাতক (সম্মান/ইঞ্জি:) ১ম বর্ষ ১ম সেমিস্টার, ২০২৩-২০২৪**

**শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট - ৩১১৪, বাংলাদেশ।**

**Website:** admission.sust.edu.bd

## ১. ভর্তির আবেদনের তারিখ ও প্রক্রিয়া

GST পরীক্ষার ফলাফল প্রকাশের পর উত্তীর্ণ শিক্ষার্থীরা gstadmission.ac.bd সাইটের মাধ্যমে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি)-এ ভর্তির জন্য আবেদন করতে পারবে।তবে কোনো একটি বিভাগে ভর্তি-যোগ্য হওয়ার জন্য অনুচ্ছেদ ৩-এ বর্ণিত ঐ বিভাগের জন্য নির্ধারিত বিষয় ভিত্তিক যোগ্যতা থাকা বাঞ্চনীয়।ভর্তির আবেদনের তারিখ, সময়সীমা, ফি ও আবেদনের প্রক্রিয়া GST পরীক্ষার ফলাফল প্রকাশের পর gstadmission.ac.bd এবং admission.sust.edu.bd সাইটের মাধ্যমে জানানো হবে।

এছাড়াও GST পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত, বিভিন্ন স্বীকৃত আন্তর্জাতিক অলিম্পিয়াডে পদকপ্রাপ্ত এবং বিদেশি নাগরিকগণ, যথাক্রমে অনুচ্ছেদ ৬ এবং ৭ এ বর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে, ভর্তির জন্য সরাসরি আবেদন করতে পারবে।আবেদনের সময়সীমা যথাক্রমে অনুচ্ছেদ ৬ এবং ৭ এ বর্ণিত আছে।

## ২. আসন সংখ্যা

এই বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়া A, B এবং C এই ৩টি আলাদা ইউনিটে সম্পন্ন করা হবে।উল্লেখ্য GST পরীক্ষায় A ইউনিট (বিজ্ঞান গ্রুপ) থেকে উত্তীর্ণ পরীক্ষার্থীরা শাবিপ্রবি-এর A, B এবং C ইউনিটে; B ইউনিট (মানবিক গ্রুপ) থেকে উত্তীর্ণ পরীক্ষার্থীরা B এবং C ইউনিটে; এবং C ইউনিট (বাণিজ্য গ্রুপ) থেকে উত্তীর্ণ পরীক্ষার্থীরা B ও C ইউনিটে আবেদন করতে পারবে।শাবিপ্রবি-এর A, B এবং C ইউনিটে বিভক্ত প্রতি বিভাগে আসন সংখ্যা নিম্নে উল্লেখ করা হলো:

### ২.১ A ইউনিটভুক্ত বিভাগসমূহ এবং আসন সংখ্যা (বিজ্ঞান)

| বিভাগ | আসন |
|---|---|
| পদার্থবিজ্ঞান (PHY) | ৬৫ |
| রসায়ন (CHE) | ৬৫ |
| গণিত (MAT) | ৮০ |
| পরিসংখ্যান (STA) | ৮০ |
| কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE) | ১০০ |
| কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সায়েন্স (CEP) | ৫০ |
| ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং (IPE) | ৫০ |
| সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং (CEE) | ৫০ |
| ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE) | ৫০ |
| ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি (FET) | ৪০ |
| পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং (PME) | ৩৫ |
| ভূগোল ও পরিবেশ (GEE) | ৫০ |
| মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (MEE) | ৩৫ |
| সমুদ্রবিজ্ঞান (OCG) | ৩০ |
| সফ্টওয়্যার ইঞ্জিনিয়ারিং (SWE) | ৫০ |
| জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি (GEB) | ৩৫ |
| বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (BMB) | ৩৫ |
| ফরেস্ট্রি এন্ড এভায়রনমেন্টাল সায়েন্স (FES) | ৫৫ |
| আর্কিটেকচার (ARC) | ৩০ |
| **মোট আসন সংখ্যা** | **৯৮৫** |

### ২.২ B ইউনিটভুক্ত বিভাগসমূহ এবং আসন সংখ্যা (বিজ্ঞান + মানবিক + বাণিজ্য)

| বিভাগ | আসন |
|---|---|
| অর্থনীতি (ECO) | ৪০+২০+৬ = ৬৬ |
| সমাজবিজ্ঞান (SOC) | ৩০+৩০+৬=৬৬ |
| পলিটিক্যাল স্টাডিজ (PSS) | ২০+৪০+৬=৬৬ |
| লোকপ্রশাসন (PAD) | ২০+৪০+৬=৬৬ |
| নৃবিজ্ঞান (ANP) | ২৫+৩৫+৬=৬৬ |
| সমাজকর্ম (SCW) | ২৫+৩৫+৬=৬৬ |
| ইংরেজি (ENG) | ২০+২৫+৫=৫০ |
| বাংলা (BNG) | ৫+৪৯+৬=৬০ |
| **মোট আসন সংখ্যা** | **৫০৬** |

### ২.৩ C ইউনিটভুক্ত বিভাগ এবং আসন সংখ্যা (বিজ্ঞান + মানবিক + বাণিজ্য)

| বিভাগ | আসন |
|---|---|
| ব্যবসায় প্রশাসন (BUS) | ৩০+১০+৩৫= ৭৫ |
| **মোট আসন সংখ্যা** | **৭৫** |

### ২.৪ কোটার আসন বিন্যাস (১০৫টি)

নিম্নোক্ত ক্যাটাগরিতে ১০৫টি আসন কোটার জন্য বরাদ্দ থাকবে।

মুক্তিযোদ্ধা (FFQ-C): ২৮ জন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/জাতিসত্তা (SEQ) বা হরিজন-দলিত (HDQ): ২৮ জন, শারীরিক/বাক-শ্রবণ/দৃষ্টি প্রতিবন্ধী (PDQ): ১৪ জন, চা শ্রমিক (TWQ): ০৫ জন, পোষ্য (WQ): ২০ জন এবং খেলোয়াড় কোটা (PPQ): ১০ জন।

### ২.৫ ইউনিট ও HSC/সমমান গ্রুপ ভিত্তিক কোটার বিভিন্ন আসন বন্টন*

| শাবিপ্রবি ইউনিট | বিভাগসমূহ | HSC/সমমান গ্রুপ | কোটা | | | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | FFQ-C | SEQ, HDQ | PDQ | TWQ | WQ | PPQ | |
| A | ARC, BMB, CEE, CEP, CHE, CSE, EEE, FES, FET, GEB, GEE, IPE, MAT, MEE, OCG, PHY, PME, STA, SWE | বিজ্ঞান | ১৯ | ১৯ | ৯ | ৩ | ১৪ | ৬ | **৭০** |
| B | ANP, BNG, ECO, ENG, PAD, PSS, SCW, SOC | বিজ্ঞান<br>মানবিক<br>বাণিজ্য | ৮ | ৮ | ৪ | ১ | ৫ | ৩ | **২৯** |
| C | BUS | বিজ্ঞান<br>মানবিক<br>বাণিজ্য | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | **৬** |
| | | | **২৮** | **২৮** | **১৪** | **৫** | **২০** | **১০** | **১০৫** |

*কোটায় ভর্তির ক্ষেত্রে কোটা আবেদনকারীদের মধ্যে ইউনিট-ভিত্তিক মেধা তালিকা তৈরি করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

**২.৬ GST-এর ভর্তি পরীক্ষার মাধ্যমে ভর্তি-যোগ্য মোট আসন সংখ্যা**

| A ইউনিট | B ইউনিট | C ইউনিট | মোট আসন |
|---|---|---|---|
| ৯৮৫ + ৭০ (কোটা) = **১০৫৫** | ৫০৬ + ২৯ (কোটা) = **৫৩৫** | ৭৫ + ৬ (কোটা) = **৮১** | ১৫৬৬ + ১০৫ (কোটা) = **১৬৭১** |

**২.৭** বিভিন্ন স্বীকৃত আন্তর্জাতিক অলিম্পিয়াডে স্বর্ণ, রৌপ্য অথবা ব্রোঞ্জ মেডেলপ্রাপ্ত ছাত্র-ছাত্রীরা GST-তে আবেদন করা ছাড়াই অনুচ্ছেদ ৬ এ বর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট বিভাগে ভর্তির সুযোগ পাবে।তবে 'সংশ্লিষ্ট বিভাগ' সম্পর্কে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**২.৮** বিদেশি নাগরিকদের জন্য কিছু আসন বরাদ্দ থাকবে।বিদেশি নাগরিকগণ GST-তে আবেদন করা ছাড়াই অনুচ্ছেদ ৭-এ বর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে ভর্তির সুযোগ পাবে।তবে আসন সংখ্যা, ভর্তিযোগ্য বিভাগ এবং যোগ্যতার ক্রম নিরূপণের ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**৩. GST-এর মাধ্যমে আগত শিক্ষার্থীদের ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা**

GST-এর ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ (Eligible) শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।তবে কোনো একটি বিভাগে ভর্তির জন্য নিম্নে বর্ণিত অতিরিক্ত যোগ্যতা আবশ্যক।

**৩.১ HSC বা সমমান পরীক্ষার বিষয়-ভিত্তিক ন্যূনতম যোগ্যতা**

**ক)** ইংরেজি (ENG) বিভাগে ভর্তির জন্য HSC বা সমমান পরীক্ষায় ইংরেজিতে গ্রেড 5 (A+) থাকতে হবে। IAL (A' লেভেল) শিক্ষার্থীদের জন্য এ-শর্ত প্রযোজ্য নয়।

**খ)** ইংরেজি (ENG) ব্যতীত অন্যান্য বিভাগে ভর্তি হওয়ার জন্য HSC বা সমমানের পরীক্ষায় নিচে উল্লেখকৃত সংশ্লিষ্ট বিষয়ের প্রত্যেকটিতে ন্যূনতম গ্রেড 3.5 (A-) কিংবা A' লেভেলে ন্যূনতম গ্রেড B থাকতে হবে।

| বিভাগ | সংশ্লিষ্ট বিষয় |
|---|---|
| PHY, CSE, IPE, ARC, EEE, MEE, SWE | পদার্থবিজ্ঞান, গণিত |
| CEE, CEP, GEE, PME, OCG | পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত |
| CHE | রসায়ন, গণিত |
| GEB, BMB, FET | জীববিজ্ঞান, রসায়ন, গণিত |
| MAT, STA | গণিত |
| FES | জীববিজ্ঞান, গণিত |

| বিভাগ | সংশ্লিষ্ট বিষয় |
|---|---|
| SOC, SCW, PSS, PAD, ANP | সমাজবিজ্ঞান বা পৌরনীতি বা যুক্তিবিদ্যা বা অর্থনীতি বা সমাজকল্যাণ বা বাণিজ্যিক ভূগোল বা অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল বা ইংরেজি অথবা বাণিজ্য বা বিজ্ঞান শাখার যেকোনো বিষয় |
| ECO | অর্থনীতি বা গণিত বা পরিসংখ্যান বা অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল বা ইংরেজি |
| BUS | অর্থনীতি বা গণিত বা পরিসংখ্যান অথবা বিজ্ঞান বা বাণিজ্য শাখার যেকোনো বিষয় |
| BNG | বাংলা |
| ENG | ইংরেজি |

**৩.২ GST-এর ভর্তি পরীক্ষায় বিষয় ভিত্তিক অংশগ্রহণ এবং ন্যূনতম নম্বর প্রাপ্তি সংক্রান্ত যোগ্যতা**

**ক)** A ইউনিটভূক্ত ১৯টি বিভাগসমূহের মধ্যে BMB, FES, GEB, GEE ব্যতীত বাকি ১৫টি বিভাগে ভর্তির জন্য **GST ভর্তি পরীক্ষায় গণিত বিষয়ে অংশগ্রহণ বাধ্যতামূলক**। GEB, BMB বিভাগে ভর্তির জন্য **GST ভর্তি পরীক্ষায় জীববিজ্ঞান বিষয়ে অংশগ্রহণ বাধ্যতামূলক**।

**খ)** আর্কিটেকচার বিভাগের ভর্তিচ্ছু প্রার্থীকে GST-এর তত্ত্বাবধানে ড্রয়িং বিষয়ক ১ ঘন্টার একটি ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উক্ত পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য GST-এর প্রসপেক্টাসে পাওয়া যাবে। শাবিপ্রবি-এর **আর্কিটেকচার (ARC) বিভাগে ভর্তির যোগ্যতা অর্জনের জন্য প্রার্থীকে ড্রয়িং বিষয়ক পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে**।

**৪. প্রার্থীবাছাই ও ভর্তি প্রক্রিয়া**

এ-সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি GST পরীক্ষার ফলাফল প্রকাশের পর gstadmission.ac.bd এবং admission.sust.edu.bd সাইটের মাধ্যমে জানানো হবে।

**৫. কোটার প্রার্থীদের জন্য জ্ঞাতব্য বিষয়াবলি**

**৫.১** প্রতি বিভাগে কোটা-প্রতি সর্ব্বোচ্চ ১ জন শিক্ষার্থী ভর্তি করা হবে।

**৫.২** কোনো বিভাগে কোটায় ভর্তির জন্য উক্ত বিভাগে সর্বশেষ ভর্তিকৃত সাধারণ (কোটা-ব্যতীত) প্রার্থীর GST পরীক্ষায় প্রাপ্ত নম্বর থেকে কোটা প্রার্থীর নম্বর সর্বোচ্চ ১০ পর্যন্ত কম হতে পারবে।কোটা প্রার্থীর উক্ত নম্বর অবশ্যই GST নির্ধারিত নূন্যতম পাশ নম্বরের কম হতে পারবে না।

**৫.৩** কোটা প্রার্থীরা যে সকল সনদ/প্রত্যয়ন পত্র দাখিল করবে, সেগুলো অবশ্যই সংশ্লিষ্ট অফিসিয়াল প্যাডে হতে হবে।

**৫.৪** কোটা প্রার্থীদের প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্রসমূহ এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রার্থীদের শারীরিক অবস্থা/ দক্ষতা যাচাই করার জন্য একটি স্বতন্ত্র কমিটি থাকবে যার সুপারিশের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।

**৫.৫** শারীরিক/বাক-শ্রবণ/দৃষ্টি প্রতিবন্ধী কোটায় প্রতিবন্ধীদের ধরন, মাত্রা ও বিভাগসমূহের সুযোগ-সুবিধা বিবেচনা করে শিক্ষার্থী ভর্তি করা হবে।ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ জাতিসত্ত্বা বা হরিজন-দলিত কোটায় স্ব স্ব জাতিগোষ্ঠী থেকে মেধার ভিত্তিতে কমপক্ষে ১ (এক) জন করে শিক্ষার্থী ভর্তি করা হবে।এই দুই ধরনের কোটার ক্ষেত্রে ভর্তির সময় সমাজ-কল্যাণ মন্ত্রণালয়, সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক / উপজেলা নির্বাহী অফিসার অথবা সংশ্লিষ্ট উপজেলা সমাজ কল্যাণ অফিসার কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যায়ন পত্র আনতে হবে।অন্য কোনো কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যায়ন পত্র গ্রহণযোগ্য হবে না।

**৫.৬** খেলোয়াড় কোটায় আবেদনের জন্য প্রার্থীকে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান অর্থাৎ বিকেএসপি থেকে HSC বা সমমান পরীক্ষায় পাশ করতে হবে অথবা বাংলাদেশ জাতীয় দলের বর্তমান খেলোয়াড় হতে হবে অথবা বিগত তিন বছরের মধ্যে জাতীয় অনূর্ধ্ব ১৬/১৭/১৯/২০/২৩ দলের সদস্য হয়ে অংশগ্রহণের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে অথবা বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় বাংলাদেশ জাতীয় র‍্যাঙ্কিং অনুযায়ী ১ থেকে ২০-এর মধ্যে র‍্যাঙ্কিং ধারী খেলোয়াড় হতে হবে।আবেদনকারীকে যোগ্যতার প্রমাণপত্র হিসাবে সংশ্লিষ্ট ক্রীড়া ফেডারেশন/প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরকৃত সনদ/প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

**৫.৭** পোষ্য কোটার ক্ষেত্রে স্থায়ী পদে বা স্থায়ী পদের বিপরীতে বিশ্ববিদ্যালয়ে চাকুরীরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অথবা এ ধরনের পদে চাকুরীরত অবস্থায় মৃতদের পোষ্যরা (স্বামী/স্ত্রী অথবা সন্তান) ভর্তির সুযোগ পাবে। অবসরপ্রাপ্তদের পোষ্যরা অভিভাবকের অবসর গ্রহণের পরবর্তী ৫(পাঁচ) বছর পর্যন্ত পোষ্য কোটায় ভর্তির সুযোগ পাবে।

**৫.৮** মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের সন্তানরা (FFQ-C) ভর্তির সুযোগ পাবে। ভর্তির সময় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রাপ্ত মাতা/পিতার মুক্তিযোদ্ধার সনদ দাখিল করতে হবে।

**৫.৯** চা-শ্রমিক কোটার ক্ষেত্রে চা-শ্রমিক বা তাদের পোষ্যরা (স্বামী/স্ত্রী অথবা সন্তান) আবেদন করতে পারবে।তবে ভর্তির সময় অবশ্যই চা বাগানের ম্যানেজার থেকে প্রাপ্ত সনদ/প্রত্যয়ন পত্র এবং ছয় মাসের বেতন বিবরণী দাখিল করতে হবে।

**৬. আন্তর্জাতিক অলিম্পিয়াডে পদক প্রাপ্তদের ভর্তি সংক্রান্ত তথ্যাবলি**

**৬.১** আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াড, আন্তর্জাতিক ইনফরমেটিক্স অলিম্পিয়াড, আন্তর্জাতিক পদার্থবিজ্ঞান অলিম্পিয়াড এবং অন্যান্য স্বীকৃত আন্তর্জাতিক অলিম্পিয়াডে স্বর্ণ, রৌপ্য অথবা ব্রোঞ্জ মেডেল প্রাপ্ত ছাত্র-ছাত্রীরা GST পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীতই আবেদন করতে পারবে; তবে তাদের অনুচ্ছেদ ৩.১-এ বর্ণিত ন্যূনতম যোগ্যতা থাকতে হবে।সংশ্লিষ্ট আন্তর্জাতিক অলিম্পিয়াডটি মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক পর্যায়ের হতে হবে।

**৬.২** এ-ধরনের আগ্রহী শিক্ষার্থীদের প্রয়োজনীয় কাগজপত্র (পাসপোর্ট সাইজের রঙিন ছবি, SSC/সমমান এবং HSC/সমমান পাশের সনদপত্র, অলিম্পিয়াডে পদক প্রাপ্তির সনদপত্র) মূল্যায়নের জন্য ২৫ জুন, ২০২৪ তারিখের মধ্যে olympiad-application@sust.edu-তে পাঠাতে হবে।কাগজপত্রসমূহ মূল্যায়নের পর তাদের শিক্ষাগত যোগ্যতা ভর্তি-যোগ্যতার মানদণ্ডে উপযুক্ত কিনা তা জানানো হবে।

**৬.৩** আবেদনকৃতদের মধ্য থেকে মেধার ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

**৭. বিদেশি নাগরিকদের ভর্তি সংক্রান্ত তথ্যাবলি**

**৭.১** বিদেশি নাগরিকদের (বিদেশি পাসপোর্টধারী) ভর্তির আবেদনের জন্য 12th Grade বা IAL (A' Level) বা H.S.C/সমমান পরীক্ষায় পাশ হতে হবে। প্রার্থীদের SAT স্কোর (নুন্যতম ৭০০) থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

**৭.২** আবেদনে ইচ্ছুক বিদেশি নাগরিকদের প্রয়োজনীয় কাগজপত্র (পাসপোর্ট সাইজের রঙিন ছবি, পাসপোর্ট / নাগরিকত্ব সনদপত্র, 10th Grade/ O' Level/ SSC/ সমমান ও 12th Grade/ A' Level/ H.S.C/ সমমান পরীক্ষার পাশের সনদপত্র ও নম্বরপত্র, SAT-এর নম্বরপত্র (যদি থাকে) এবং ভর্তি হতে ইচ্ছুক এরকম বিভাগসমূহের ক্রম তালিকা) মূল্যায়নের জন্য ২৫ জুন, ২০২৪ তারিখের মধ্যে foreign-application@sust.edu-তে পাঠাতে হবে। কাগজপত্রসমূহ মূল্যায়নের পর তাদের শিক্ষাগত যোগ্যতা ভর্তি-যোগ্যতার মানদণ্ডে উপযুক্ত কিনা তা জানানো হবে।

**৭.৩** আবেদনকৃতদের মধ্যে থেকে মেধার ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

**৭.৪** মনোনীত বিদেশি আবেদনকারীদেরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রাণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতিপত্র গ্রহণ করতে হবে।

**৭.৫** ভর্তির সময় সকল সনদপত্র ও নম্বরপত্রের মূল কপি দাখিল করতে হবে।সনদপত্র ও নম্বরপত্রসমূহ সংশ্লিষ্ট দেশের শিক্ষা মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয় দ্বারা সত্যায়িত করা থাকতে হবে।

**৮. ভর্তিকৃত সকল ছাত্র-ছাত্রীদেরকে স্বাস্থ্যবীমার আওতায় আনা হবে।**

**৯. সতর্কীকরণ**

ভর্তির আবেদন সংক্রান্ত কোনো তথ্য মিথ্যা, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে আবেদনটি সরাসরি বাতিল হয়ে যাবে। ভর্তির পরে আবেদনপত্রে কোনো ভুল/ মিথ্যা তথ্য ধরা পড়লেও ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল হবে ও মিথ্যা তথ্য প্রদানের বিষয় প্রমাণিত হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।ভর্তির সময় কোনো ছাত্র-ছাত্রী ডোপ টেস্টে মাদকাসক্ত প্রমাণিত হলে তাকে ভর্তির সুযোগ প্রদান করা হবে না।

**১০. যোগাযোগ**

শাবিপ্রবি-তে ভর্তি সংক্রান্ত বিষয়ে কোনো প্রশ্ন থাকলে ০১৫৫৫৫৫৫০০২-৪ হটলাইনে (সকাল ১০.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত) অথবা admission.sust.edu.bd সাইটের Helpdesk-এর মাধ্যমে যোগাযোগ করা যাবে।

**১১. ভর্তি সংক্রান্ত যেকোনো বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**